কানাইঘাটে যায়যায়দিনের ১৭তম বর্ষপূতি পালিত , সুধিজনের মিলনমেলা

কানাইঘাট প্রতিনিধি : দেশের পাঠক নন্দিত সংবাদপত্র দৈনিক যায়যায়দিনের ১৭ বছরে পর্দাপন সিলেটের কানাইঘাটে উদযাপিত হয়েছে।

যায়যায়দিনের কানাইঘাট উপজেলা প্রতিনিধি নিজাম উদ্দিনের সভাপতিত্বে ও যায়যায়দিন ফ্রেন্ডস ফোরাম কানাইঘাটের আয়োজনে আজ মঙ্গলবার (১৪ জুন) বিকেল ৩টায় উপজেলা পরিষদ মিলনায়তনে যায়যায়দিনের ১৭ বছরের পর্দাপন উদযাপিত হয়। এ সময় উপস্থিত ছিলেন কানাইঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী, উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যার্নাজি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও নারী উন্নয়ন ফোরামের সভাপতি খাদিজা বেগম, উপজেলা কৃষি কর্মকর্তা এমদাদুল হক, উপজেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রভাষক আফসর উদ্দিন আহমদ চৌধুরী, কানাইঘাট স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ সুবল চন্দ্র বর্মন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলাম, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গোপাল চন্দ্র সূত্রধর, কানাইঘাট লক্ষীপ্রসাদ পূর্ব ইউপি চেয়ারম্যান তমিজ উদ্দিন, লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি চেয়ারম্যান মাওলানা জামাল উদ্দিন, সাতবাঁক ইউপির চেয়ারম্যান আবু তৈয়্যিব শামীম, বড়চতুল ইউপি চেয়ারম্যান আব্দুল মালিক চৌধুরী, দক্ষিন বানীগ্রাম ইউপির চেয়ারম্যান মাস্টার লোকমান উদ্দিন, কানাইঘাট প্রেসক্লাবের দপ্তর সম্পাদক মুমিন রশিদ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শাহিন আহমদ, সদস্য জয়নাল আজাদ, যায়যায়দিন কানাইঘাট ফ্রেন্ডস ফোরামের সভাপতি মাহফুজুর রহমান, পত্রিকার পাঠক সহ নানা শ্রেনি পেশার মানুষ।

যায়যায়দিনের ১৭ বছরের পর্দাপনের শুভ কামনা করে উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী ও নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যার্নাজি বলেন, বস্তুনিষ্ঠ সংবাদের জন্য দেশের সংবাদপত্রের মধ্যে যায়যায়দিনের বেশ সুনাম রয়েছে। সাংবাদিকতার ঐতিহ্যকে লালন করে যায়যায়দিন দেশবাসী ও পাঠকদের আস্থা অর্জন করে আরো অনেক দূর এগিয়ে যাবে বলে সবাই প্রত্যাশা ব্যক্ত করেন।